



গতকাল ইসলামী ব্যাংক টাওয়ারে আয়োজিত এক অনুষ্ঠানে নতুন এই অ্যাপের উদ্বোধন করা হয় ছবি : সংগৃহীত

ইসলামী ব্যাংকের ‘সেলফিন’ অ্যাপ চালু মিলবে ব্যাংকিংসহ অন্যান্য আর্থিক সেবা

নিজস্ব প্রতিবেদক ■

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের ডিজিটাল প্ল্যাটফর্ম ‘সেলফিন’ অ্যাপ চালু করা হয়েছে। ‘ব্যাংকিং অ্যান্ড বেয়ন্ড’ স্লোগানে চালু করা নতুন এই অ্যাপে ব্যাংকিংসহ অন্য সব আর্থিক সেবা রয়েছে। গতকাল ইসলামী ব্যাংক টাওয়ারে এ অ্যাপের উদ্বোধন করা হয়।

ব্যাংকের চেয়ারম্যান অধ্যাপক মো. নাজমুল হাসান পিএইচডি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের পরিচালক ডা. তানভীর আহমেদ। ব্যাংকের এমডি ও সিইও মো. মাহবুব উল আলমের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্যাংকের এএমডি মুহাম্মদ মুনিরুল মওলা, মুহাম্মদ কায়সার আলী ও মো. ওমর ফারুক খান, ডিএমডি তাহের আহমেদ চৌধুরী ও মো. মোশাররফ হোসাইন এবং সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট আবুল ফয়েজ মুহাম্মাদ কামালউদ্দীন।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে ইসলামী ব্যাংক বলছে, ইনস্ট্যান্ট ভিসা কার্ড, ব্রাঞ্চ ছাড়াই ই-কেওয়াইসিভিত্তিক ব্যাংক অ্যাকাউন্ট খোলা, ইএফটি এবং এনপিএসবির মাধ্যমে অন্য ব্যাংক/কার্ডে সরাসরি ফান্ড ট্রান্সফার, অ্যাড মানি, রিকোয়েস্ট মানি, ই-কমার্স/মার্চেন্ট পেমেন্ট, ক্রেডিট কার্ডের বিল প্রদান, ইউটিলিটি বিল পেমেন্ট, টিকেটিং এবং ভিসা ডিরেক্টর

মাধ্যমে রেমিট্যান্স গ্রহণসহ অন্যান্য ব্যাংকিং সেবা সেলফিনের মাধ্যমে পাওয়া যায়। এছাড়া এই অ্যাপে ইসলামী ব্যাংকের যেকোনো কার্ড, অ্যাকাউন্ট এবং মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট ‘এমক্যাশ’ যুক্ত করা, যেকোনো ভিসা অথবা মাস্টারকার্ড থেকে ফান্ড ট্রান্সফার, কিউআর কোডের মাধ্যমে কেনাকাটা, মোবাইল রিচার্জ, ব্যালাস ইনকোয়ারি ও তাৎক্ষণিক কার্ড/অ্যাকাউন্ট স্টেটমেন্ট সুবিধা রয়েছে। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি প্রদান ও গ্রহণ, কার্ড ছাড়াই এটিএম থেকে ক্যাশ আউট, এমক্যাশ ট্রান্সফার, ক্যাশ বাই কোডের মাধ্যমে হিসাববিহীন ব্যক্তিকে টাকা পাঠানো যায় ইসলামী ব্যাংকের সেলফিন অ্যাপে। যেকোনো বাংলাদেশী নাগরিক জাতীয় পরিচয়পত্র দিয়ে স্মার্টফোনের মাধ্যমে তাৎক্ষণিক সেলফিন অ্যাকাউন্ট খুলতে পারবেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান বলেন, ফাইন্যান্সিয়াল টেকনোলজির ব্যবহার ও ডিজিটাল ব্যাংকিং সেবায় ইসলামী ব্যাংক উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। আধুনিক ব্যাংকিং সেবা প্রদান ও প্রযুক্তিসমৃদ্ধ সেবায় উৎকর্ষ সাধনের ফলেই ইসলামী ব্যাংক দেশের গণ্ডি পেরিয়ে বিশ্বদরবারে স্বীকৃতি অর্জন করে চলেছে। করোনা মহামারীর এই সময়ে আর্থিক চ্যালেঞ্জ মোকাবেলায় ইসলামী ব্যাংকের সেলফিন অ্যাপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলেও মত প্রকাশ করেন তিনি।

